



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩২.১৮-/১৬১/৫

তারিখ : ২৩/০২/২০২০ খ্রি:

বিষয় : রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন আলীপুর মডেল কলেজের ৩৬ জন শিক্ষক-কর্মচারীদের এমপিও ভুক্তির বিষয়ে ডিউ পোষ্ট সেটআপ না করার বিষয়ে ব্যাখ্যা প্রদান।

সূত্র : (১) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৯০.১৯-৪০৬২ তারিখ : ১৯.০৯.২০১৯ খ্রি.
(২) মন্ত্রণালয়ের সূত্র নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৭.২০১৯.১৬ তারিখ : ১২.০১.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রায় এবং এমপিও চূড়ান্ত কমিটির সিদ্ধান্ত মোতাবেক রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন আলীপুর মডেল কলেজের ৩৬ জন শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্ত করার জন্য মাউশি অধিদপ্তর থেকে ১ নং সূত্রোক্ত স্মারক মোতাবেক নির্দেশনা দেয়া হয়। কিন্তু রিট পিটিশনার ৩৬ জন শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্ত না হওয়ায় মন্ত্রণালয়ে আবেদন করেন। মন্ত্রণালয়ের ১২.০১.২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৭.২০১৯.১৬ নং পত্রে পিটিশানদের এমপিওভুক্তির জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। মন্ত্রণালয় থেকে প্রেরিত তথ্যে দেখা যায় মাউশির নির্দেশনা মোতাবেক ৩৬ জন শিক্ষক-কর্মচারীর ডিউ পোষ্ট সেটআপ করার জন্য প্রতিষ্ঠান থেকে গত ০৩.১০.২০১৯ খ্রি. তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুর্গাপুর, রাজশাহী বরাবর আবেদন করা হয়। কিন্তু ডিউ পোষ্ট সেটআপ করা হয়নি। এমতাবস্থায়, মাউশি থেকে ৩৬ জন শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্তির জন্য নির্দেশনা এবং প্রতিষ্ঠান থেকে ডিউ পোষ্ট সেটআপ করার জন্য আবেদন করা হলেও কেন এমপিওভুক্তির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়নি এ বিষয়ে প্রামাণ্য রেকর্ডপত্রসহ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

Alcedo
23.2.2020

(মো: আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
দুর্গাপুর, রাজশাহী।

বিতরণ :

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ২। সভাপতি, গভর্নিং বডি, আলীপুর মডেল কলেজ, দুর্গাপুর, রাজশাহী;
- ৩। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী;
- ৪। অধ্যক্ষ, আলীপুর মডেল কলেজ, দুর্গাপুর, রাজশাহী;
- ৫। সংরক্ষণ নথি।